



ছয়টি টেলিভিশনের টক-শো গেস্ট নির্বাচন পর্যবেক্ষণ

পর্যবেক্ষণকাল : মার্চ, ২০২৬



টেলিভিশন টক-শো অতিথি নির্বাচন পর্যবেক্ষণ (মার্চ ২০২৬)

বাংলাদেশ মিডিয়া মনিটর ২০২৬ সালের মার্চ মাসে দেশের ছয়টি বেসরকারি টেলিভিশন চ্যানেলের টক-শো অনুষ্ঠান এবং সেখানে আমন্ত্রিত অতিথিদের অংশগ্রহণের ধারা নিয়ে একটি সংক্ষিপ্ত বিশ্লেষণাত্মক প্রতিবেদন প্রস্তুত করেছে। এই পর্যবেক্ষণ প্রক্রিয়ায় যমুনা টিভি, চ্যানেল ২৪, সময় টিভি, এটিএন নিউজ, বাংলাভিশন এবং গ্লোবাল টিভি এই ছয়টি চ্যানেলকে অন্তর্ভুক্ত করা হয়েছে। নির্ধারিত সময়সীমায় সম্প্রচারিত অনুষ্ঠানগুলো পর্যালোচনা করে দেখা যায় যে, সমসাময়িক রাজনৈতিক ও সামাজিক ইস্যুভিত্তিক আলোচনায় নির্দিষ্ট কয়েকজন বিশ্লেষক, সাংবাদিক, রাজনীতিবিদ ও শিক্ষাবিদ বিভিন্ন চ্যানেলে নিয়মিতভাবে উপস্থিত ছিলেন, যা গণমাধ্যমে আলোচক নির্বাচনের একটি বিশেষ প্রবণতাকে নির্দেশ করে।



ছয়টি টেলিভিশনে সর্বাধিক উপস্থিতি



মাসুদ কামাল
সিনিয়র সাংবাদিক



মজিবুর রহমান মঞ্জু
রাজনীতিবিদ, মিডিয়া কর্মী



সরোয়ার তুষার
যুগ্ম আহ্বায়ক, জাতীয় নাগরিক পার্টি



মারদিয়া মমতাজ
বিশ্ববিদ্যালয় শিক্ষিকা



রেজাউল করিম রনি
সম্পাদক, জবান



নিলুফাৰ চৌধুৰী মনি
বিএনপির স্বনির্ভর বিষয়ক সহ-সম্পাদক

পর্যবেক্ষণাধীন ছয়টি টেলিভিশন চ্যানেলে সামগ্রিকভাবে সর্বাধিক উপস্থিতির তালিকায় শীর্ষস্থানে রয়েছেন ছয়জন আলোচক। এদের মধ্যে জ্যেষ্ঠ সাংবাদিক মাসুদ কামালের উপস্থিতি ছিল সবচেয়ে বেশি, যিনি সময় টিভি, চ্যানেল ২৪ এবং এটিএন নিউজে নিয়মিত অংশ নিয়েছেন। এরপরই রয়েছেন মজিবুর রহমান মঞ্জু (বাংলাভিশন ও গ্লোবাল),

সরোয়ার তুষার (চ্যানেল ২৪ ও যমুনা), মারদিয়া মমতাজ (এটিএন ও যমুনা), রেজাউল করিম রনি (বাংলাভিশন ও সময়) এবং নিলুফার চৌধুরী মনি (যমুনা ও গ্লোবাল)। এই আলোচকদের বহুমাত্রিক উপস্থিতি নির্দেশ করে যে, গুরুত্বপূর্ণ জাতীয় ইস্যুতে এই কয়েকটি চ্যানেলে তাঁদের মতামত প্রাধান্য পেয়েছে।



যমুনা টেলিভিশনে সর্বাধিক উপস্থিতি



**নিলুফার
চৌধুরী মনি**

বিএনপির স্বনির্ভর বিষয়ক
সহ-সম্পাদক



মারদিয়া মমতাজ

বেসরকারি
বিশ্ববিদ্যালয়ের শিক্ষিকা



**এবিএম
মোশাররফ হোসেন**

জাতীয় সংসদ সদস্য,
পটুয়াখালী-৪ (কলাপাড়া-
রাঙ্গাবালী)

চ্যানেলভিত্তিক পর্যালোচনায় দেখা যায়, যমুনা টিভির টক-শোগুলোতে নিলুফার চৌধুরী মনি তুলনামূলকভাবে সর্বাধিক উপস্থিত ছিলেন। তাঁর পাশাপাশি মারদিয়া মমতাজ, এবিএম মোশাররফ হোসেন, মেজবাউল আলম সওদাগর, আল মামুন রাসেল, মোশাররফ আহমেদ ঠাকুর এবং সরোয়ার তুষার একাধিক আলোচনায় অংশ নিয়েছেন।

চ্যানেল ২৪-এ সর্বাধিক উপস্থিতি



আশরাফ কায়সার

সাংবাদিক,
রাজনৈতিক বিশ্লেষক



**মাহমুদুর রহমান
মান্না**

রাজনীতিবিদ এবং
গণমাধ্যম ব্যক্তিত্ব



**ব্যারিস্টার নাসির
উদ্দিন আহমেদ**

বিএনপির আন্তর্জাতিক
বিষয়ক সম্পাদক

অন্যদিকে, চ্যানেল ২৪-এর আলোচনায় নিয়মিত মুখ হিসেবে আশরাফ কায়সার, মাহমুদুর রহমান মান্না, ব্যারিস্টার নাসির উদ্দিন আহমেদ অসীম এবং মাসুদ কামালের উপস্থিতি ছিল লক্ষ্যণীয়। এছাড়া সরোয়ার তুষার, রাহিদ এজাজ, অ্যাডভোকেট আবু হেনা রাজ্জাকী এবং শেখ ওয়াহিদুজ্জামান দিপুও বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুতে সেখানে নিয়মিত মতামত প্রদান করেছেন।

সময় টেলিভিশনে সর্বাধিক উপস্থিতি



**আল মামুন
রাসেল**

সুপ্রিম কোর্টের
আইনজীবী, লেখক



মাসুদ কামাল

সিনিয়র সাংবাদিক



**রেজাউল করিম
রনি**

সম্পাদক, জবান

সময় টিভির ক্ষেত্রে আল মামুন রাসেল এবং মাসুদ কামালের অংশগ্রহণ ছিল সর্বাধিক। তাঁদের পাশাপাশি রেজাউল করিম রনি, সালাউদ্দিন আইয়ুবী, অ্যাডভোকেট আতিকুর রহমান এবং ডাক্তার সাখাওয়াত হোসেন সায়ন্তের সরব উপস্থিতি লক্ষ্য করা গেছে। শিক্ষাবিদদের মধ্যে ড. নাহরিন ইসলাম খান ও ড. মো. আব্দুল মান্নান এবং রাজনৈতিক বিশ্লেষক হিসেবে মোহাম্মদ আব্দুস সালাম ও শহিদুল ইসলাম বাবুল সময় টিভির বিভিন্ন আলোচনায় সক্রিয় ভূমিকা পালন করেছেন।

এটিএন নিউজ-এ সর্বাধিক উপস্থিতি



মাহবুব আজিজ

সিনিয়র সাংবাদিক
ও সাহিত্যিক



আব্দুন নূর তুষার

মিডিয়া ব্যক্তিত্ব



মাসুদ কামাল

সিনিয়র সাংবাদিক

এটিএন নিউজের পর্যবেক্ষণে দেখা যায়, মাহাবুব আজিজ নিয়মিত আলোচক হিসেবে ২ বার উপস্থিত ছিলেন, যেখানে বিভিন্ন সুনির্দিষ্ট প্রেক্ষাপটে আব্দুন নূর তুষার, মাসুদ কামাল ও মারদিয়া মমতাজকেও ১ বার করে অংশগ্রহণ করতে দেখা গেছে।

বাংলাভিশন-এ সর্বাধিক উপস্থিতি




আসাদুজ্জামান রিপন

ভাইস চেয়ারম্যান,
বিএনপি



মজিবুর রহমান
মঞ্জু

রাজনীতিবিদ, মিডিয়া
কর্মী



রুহিন হোসেন
প্রিন্স

বাংলাদেশের কমিউনিস্ট
পার্টির কেন্দ্রীয় নেতা

বাংলাভিশন টিভির টক-শো অনুষ্ঠানে আসাদুজ্জামান রিপন এবং মজিবুর রহমান মঞ্জু আলোচক হিসেবে সর্বাধিক উপস্থিতি বজায় রেখেছেন। এছাড়া রুহিন হোসেন প্রিন্স, আলাউদ্দিন মুহাম্মদ, রেজাউল করিম রনি এবং ড. ইজাজ হোসেনসহ অন্যান্য বিশেষজ্ঞগণ বিভিন্ন নীতিনির্ধারণী আলোচনায় অংশ নিয়েছেন। গ্লোবাল টিভির পর্যালোচনায় দেখা যায়, সেখানে নিলুফার মনি চৌধুরী এবং ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ নিয়মিতভাবে আলোচনায় অংশগ্রহণ করেছেন এবং মজিবুর রহমান মঞ্জুর উপস্থিতিও সেখানে উল্লেখযোগ্য ছিল।

গ্লোবাল টেলিভিশনে সর্বাধিক উপস্থিতি



নিলুফার
চৌধুরী মনি

বিএনপির স্বনির্ভর বিষয়ক
সহ-সম্পাদক



ব্যারিস্টার
আসাদুজ্জামান ফুয়াদ

আইনজীবী এবং
রাজনীতিবিদ



মজিবুর রহমান
মঞ্জু

রাজনীতিবিদ, মিডিয়া
কর্মী

এই পর্যবেক্ষণ কার্যক্রমটি মূলত সীমিত সময়সীমা এবং নির্দিষ্ট প্রাতিষ্ঠানিক সক্ষমতার ওপর ভিত্তি করে পরিচালিত হয়েছে। সম্পদ ও মানবসম্পদগত সীমাবদ্ধতার কারণে এই পর্যায়ে বৃহৎ পরিসরে কিংবা দীর্ঘমেয়াদি মনিটরিং পরিচালনা করা সম্ভব হয়নি। তবে বাংলাদেশ মিডিয়া মনিটর পর্যায়ক্রমে এই পর্যবেক্ষণের পরিধি, সময়সীমা এবং অন্তর্ভুক্ত চ্যানেলের সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করেছে। এর মাধ্যমে ভবিষ্যতে আরও বিস্তৃত, গভীর এবং তুলনামূলক বিশ্লেষণ উপস্থাপন করা সম্ভব হবে যা দেশের গণমাধ্যম প্রেক্ষাপট বুঝতে সহায়ক ভূমিকা পালন করবে।